

আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ১১২৮

চিঠিপত্রের আদান-প্রদান

পরিচ্ছেদঃ ৫২৫- মহিলাদের নিকট চিঠিপত্র লেখা এবং তাদের জবাবী পত্র।

بَابُ الْكِتَابَةِ إِلَى النِّسَاءِ وَجَوَابِهِنَّ

আরবী

حَدَّثَنَا ابْنُ رَافِعٍ، قَالَ: حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ: حَدَّثَنِي مُوسَى بْنُ عَبْدِ اللَّهِ قَالَ: حَدَّثَنَا عَائِشَةُ بِنْتُ طَلْحَةَ قَالَتْ: قُلْتُ لِعَائِشَةَ، وَأَنَا فِي حِجْرِهَا، وَكَانَ النَّاسُ يَأْتُونَهَا مِنْ كُلِّ مِصْرٍ، فَكَانَ الشُّيُوخُ يَنْتَابُونِي لِمَكَانِي مِنْهَا، وَكَانَ الشَّبَابُ يَتَأَخَّوْنِي فَيُهْدُونَنِي إِلَيَّ، وَيَكْتُبُونَ إِلَيَّ مِنَ الْأَمْصَارِ، فَأَقُولُ لِعَائِشَةَ: يَا خَالَهٗ، هَذَا كِتَابُ فُلَانٍ وَهَدِيَّتُهُ، فَتَقُولُ لِي عَائِشَةُ: أَيُّ بَنِيَّةٍ، فَأَجِيبُهُ وَأُثَبِّبُهُ، فَإِنْ لَمْ يَكُنْ عِنْدَكَ ثَوَابٌ أُعْطِيْتُكَ، فَقَالَتْ: فَتُعْطِينِي.

বাংলা

১১২৮। আয়েশা বিনতে তালহা (রহঃ) বলেন, আমি আয়েশা (রাঃ)-র তত্ত্বাবধানাধীন থাকাকালে বিভিন্ন শহর থেকে লোকজন তার কাছে আসতো। তার সঙ্গে আমার সম্পর্কের কারণে প্রবীণগণ আমাকে কন্যা বলে সম্বোধন করতো এবং যুবকরা আমাকে বোন বলতো। তারা আমাকে উপহারাদিও দিতো এবং বিভিন্ন শহর থেকে আমাকে চিঠিপত্রও লিখতো। আমি আয়েশা (রাঃ)-কে বলতাম, হে খালা! এটা অমুকের চিঠি এবং তার উপহার। আয়েশা (রাঃ) আমাকে বলতেন, হে বেটি! তার চিঠির উত্তর দাও এবং তাকেও উপহারাদি পাঠাও। তোমার কাছে দেয়ার মত কিছু না থাকলে আমি তোমাকে দিবো। আয়েশা (রহঃ) বলেন, অতএব আয়েশা (রাঃ) আমাকে সেই ব্যবস্থা করে দিতেন।

English

'A'isha bint Talha said, "I spoke to 'A'isha when I was under her protection. people used to visit her from all places. Shaykhs used visit me because of my place with her. Young men used to treat me as a sister and give me presents and write to me from their cities. I said to 'A'isha, 'Aunt, this is a letter from so-and-so and his gift.' 'A'isha told me, 'My girl, answer him and reward him. If you do not have anything to give, I will give you something.'

She told her to give it to her."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=46512>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন